রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২১, ২০২৪

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(প্রশাসন শাখা)

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ২১ নভেম্বর ২০২৩ খ্রিঃ

নং ১ই/২ কল-৫৭/২০২৩/১০৬৩২(২)-এ—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব খন্দকার জাহানারা খাতুন এর জন্ম তারিখ ১৬-১২-১৯৬৪ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্তিতে ১৫-১২-২০২৩ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ১৬-১২-২০২৩ খ্রিঃ তারিখ হতে ১৫-১২-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং ১ই/২ কল-৫৩/২০২৩/১০৬৩৩(২)-এ—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব জান্নাতুল ফেরদাউস এর জন্ম তারিখ ০২-০২-১৯৬৫ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্তিতে ০১-০২-২০২৪ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ০২-০২-২০২৪ খ্রিঃ তারিখ হতে ০১-০২-২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ২৭ নভেম্বর ২০২৩ খ্রিঃ

নং ১ই/২ কল-৫৬/২০২৩/১০৮৫২(২)-এ—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সহকারী বেঞ্চ অফিসার জনাব মোঃ উছমান গনি এর জন্ম তারিখ ১০-০৬-১৯৬৮ খ্রিঃ। তার চাকুরীকাল আগামী ০১-০১-২০২৪ খ্রিঃ তারিখে ৩৫ বছর ০৬ মাস ০৩ দিন পূর্ণ হবে। তার স্বেচ্ছায় অবসর গমনের আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে বর্ণিত সরকারি কর্মচারীর স্বেচ্ছায় অবসর গ্রহণ সংক্রান্ত আইনের ৪৪ (১) ধারা অনুযায়ী ০১-০১-২০২৪ খ্রিঃ তারিখ হতে তাকে সরকারি চাকরি থেকে স্বেচ্ছায় অবসর প্রদান করা হলো।

২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ০১-০১-২০২৪ খ্রিঃ তারিখ হতে ৩১-১২-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণগড় বেতনে অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) ছুটি মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ০৩ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

নং ১ই-১৮/২০২৩-১১০৩৭-এ—বাংলাদেশ সুপ্রীট কোর্ট, হাইকোর্ট বিভাগের 'প্রটোকল অফিসার' পদে নিয়োগ পরীক্ষা, ২০২৩ এর নিম্নলিখিত প্রার্থীকে 'প্রটোকল অফিসার' পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০ম গ্রেডে বর্ণিত ১৬০০০-৩৮৬৪০ টাকার বেতন স্কেলে কর্মে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসাবে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রম | নাম | পিতা ও মাতার নাম | রোল | নিবাস |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ রোমান ভূইয়া | মোঃ আব্দুল মান্নান ভূইয়া<br>রাশিদা বেগম | ১৯৫১ | ব্রাহ্মণবাড়িয়া |

নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে আগামী ০৫-১২-২০২৩ খ্রি. তারিখের মধ্যে কর্মে যোগাদানের নির্দেশ প্রদান করা হলো।

**শর্তাবলি**

১. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি নির্দিষ্ট তারিখের মধ্যে কর্মে যোগদান না করলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২. তাঁকে চাকুরিতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকুরি বিধি অনুযায়ী অত্র কোর্ট কর্তৃক নির্ধারিত ফরমে প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) প্রদান করতে হবে।

৩. তিনি যদি বাংলাদেশের নাগরিক ব্যতিত অন্য কোনো দেশের নগরিককে বিবাহ করেন অথবা অন্য কোনে দেশের নাগরিকের সহিত বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি নিয়োগের অযোগ্য হবেন।

৪. তাঁকে শিক্ষানবিশি সময়ে বিনা নোটিশে বা কোনো প্রকার কারণ দর্শানো ব্যতীত চাকুরিচ্যুত করা যাবে।

৫. শিক্ষানবিশি সময়ে তাঁর আচরণ ও কর্ম যদি অসন্তোষজনক প্রতীয়মান হয় অথবা তিনি কর্ম দক্ষতা অর্জন করতে পারবেন না বলে বিবেচিত হন তবে শিক্ষানবিশি সময় শেষ হওয়ার পূর্বেই তাঁকে চাকুরিচ্যুত করা যাবে।

৬. তাঁর আচরণ ও কর্ম শিক্ষানবিশি সময়ে সন্তোষজনক প্রতীয়মান এবং নির্ধারিত পরীক্ষা ও প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে তাঁকে চাকুরিতে স্থায়ী করণের বিষয় বিবেচিত হবে।

৭. নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে নিজ খরচে সিভিল সার্জন/ মেডিকেল বোর্ড এর নিকট হতে প্রাপ্ত শারীরিক ও মানসিক যোগ্যতার সনদপত্র ও ডোপ টেস্ট এর রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে।

৮. কর্মে যোগাদানের পর যথানিয়মে প্রার্থীর পুলিশ প্রত্যয়ন (পুলিশ ভেরিফিকেশন) সম্পন্ন করা হবে, যা অবশ্যই সন্তোষজনক হতে হবে।

৯. কর্মে যোগদানের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)।

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৩ নভেম্বর ২০২৩ খ্রিঃ

নং **১ই-৪৩০/২০১৭/১০৭৫৪-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত প্রশাসনিক কর্মকর্তাকে পদোন্নতি প্রদানপূর্বক ২৩০০০-৫৫৪৭০/-টাকা বেতন স্কেলে সম্পূর্ণ অস্থায়ীভাবে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কোর্ট কীপার পদে পদোন্নতিমূলে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম ও পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ |
|---|---|---|
| ১। | জনাব ইউনুছ খান, প্রশাসনিক কর্মকর্তা | কোর্ট কীপার |

২। তাঁর উক্ত পদোন্নতির ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬ (১) (খ) ও (২) (খ) এর নিম্নবর্ণিত শর্তাবলি প্রযোজ্য হবে :

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়োগের তারিখ হতে ০১(এক) বছর শিক্ষানবিস হিসেবে থাকবেন। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিস-এর মেয়াদ দুই বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

(ক) শিক্ষানবিসকালে তাঁর কাজকর্ম ও আচরণ যদি কর্তৃপক্ষ অসন্তোষজনক অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে মনে করেন তবে শিক্ষানবিসকাল শেষ হবার পূর্বেই যে পদ হতে পদোন্নতি প্রাপ্ত হয়েছেন সে পদে প্রত্যর্পন করাতে পারবেন।

৩। এ পদোন্নতির আদেশ কাজে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

প্রধান বিচারপতির আদেশক্রমে

**মুন্সী মোঃ মশিয়ার রহমান**
রেজিস্ট্রার।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১২ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

নং **১১৪২০(২)-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে কর্মরত নিম্নবর্ণিত ০১(এক) জন প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা পদে চাকুরি ০৪(চার) বছর পুর্তিতে ৯ম গ্রেডে একটি সিলেকশন গ্রেড প্রাপ্তির পর পদোন্নতির ব্যতিত একই পদে সন্তোষজনকভাবে আরও ০৬ বছর পূর্ণ করায় জাঃ বেঃ স্কেঃ/২০১৫ এর ৭নং অনুচ্ছেদ এবং অর্থ বিভাগের ২১-০৯-২০১৬ খ্রিঃ তারিখের ২৩২ নং পরিপত্রের(গ)(২) নং অনুচ্ছেদ অনুযায়ী তাঁর প্রত্যেক ছকের ০৭ (সাত) নং কলামে উল্লিখিত গ্রেডটি প্রাপ্যতার তারিখ হতে পরবর্তী উচ্চতর গ্রেড অর্থাৎ (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ২২০০০-৫৩০৬০/-(৯ম গ্রেড) হতে পরবর্তী উচ্চতর গ্রেড ২৩০০০-৫৫৪৭০/-(৮ম গ্রেড) প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম ও পদবি | প্রশাসনিক কর্মকর্তা পদে যোগদানের তারিখ এবং স্কেল | প্রশাসনিক কর্মকর্তা পদে ৪(চার) বছর পূর্তিতে সিলেকশন গ্রেড প্রাপ্তির তারিখ ও স্কেল | সুপারিনটেনডেন্ট পদে যোগদানের তারিখ | বেতন রেজিস্ট্রার অনুযায়ী বর্তমান বেতন ও গ্রেড | ০৪(চার) বছর পূর্তিতে সিলেকশন গ্রেড প্রাপ্তির তারিখ হতে পরবর্তী ৬(ছয়) বছর পূর্তিতে ৭ম বছরে উচ্চতর গ্রেড প্রাপ্যতার তারিখ ও গ্রেড। |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২. | জনাব মোঃ আজিজুল হক আকন্দ প্রশাসনিক কর্মকর্তা (বর্তমানে সুপারিনটেনডেন্ট) | ১২-০৫-২০১১ (অপরাহ্ন) ৮০০০-১৬৫৪০/ (গ্রেড-১০) জাঃ বেঃ স্কেল/০৯ বিজ্ঞপ্তি নং-৮১ জি তারিখ ১৮-০৫-২০১১ | ১৩-০৫-২০১৫ ১১,০০০—২০,৩৭০/- (গ্রেড-৯) অনুযায়ী জাঃ বেঃ স্কেল/১৫ অনুযায়ী ২২,০০০—৫৩,০৬০/- বিজ্ঞপ্তি নং ১৭৫ তারিখ-১৬-০৫-২০১৫ খ্রিঃ | ১৭-০৫-২০২১ (পূর্বাহ্ন) বিজ্ঞপ্তি নং -১৫৮ তারিখ-১৮-০৫-২০২১ | ৩৫,৮৮০/(গ্রেড-৯) জাঃ বেঃ স্কেল/১৫ ২২,০০০—৫৩০৬০/- | ১৩-০৫-২০২১ (গ্রেড-৮) ২৩,০০০-৫৫৪৭০/- জাঃ বেঃ স্কেঃ/১৫ |

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)।

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১২ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

**বিষয় : চুক্তিভিত্তিকভাবে নিয়োগপ্রাপ্ত কোর্ট কীপার পদে যোগদানপত্র গ্রহণ সংক্রান্ত।**

নং **১১৪৩৮(৬)এ**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন স্মারক নং ০৫.০০.০০০০.১৪৬.০০.০৩০.১৮.-৪৭৮, তারিখ ২৮-১১-২০২৩ খ্রিঃ মূলে নিম্নবর্ণিত কর্মকর্তা চুক্তিভিত্তিক নিয়োগের চুক্তিপত্র সম্পাদনের মাধ্যমে অত্র কোর্টের হাইকোর্ট বিভাগে কোর্ট কীপার পদে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিকভাবে নিয়োগপ্রাপ্ত হওয়ায় তাঁর যোগদানপত্র নামের পার্শ্বে উল্লিখিত তারিখ ও সময় হতে গৃহীত হলো :

| ক্রমিক নং | নাম ও পদবি | যোগদানের তারিখ ও সময় |
|---|---|---|
| ১। | জনাব মোঃ সহিদুল ইসলাম<br>চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোর্ট কীপার | ০৪-১২-২০২৩ খ্রিঃ পূর্বাহ্নে |

আদেশক্রমে

**মুন্সী মোঃ মশিয়ার রহমান**
রেজিস্ট্রার।

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১২ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

নং **১ই-১৮/২০১৫(অংশ-০১)১১৪৫৪(এ,২)**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নবর্ণিত প্রশাসনিক কর্মকর্তাগণকে পদোন্নতি প্রদানপূর্বক জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬০০০-৩৮৬৪০/-টাকার স্কেলে অস্থায়ীভাবে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট পদে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম ও পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ |
|---|---|---|
| ১. | জনাব কাজী মফিজুল হায়দার,<br>প্রশাসনিক কর্মকর্তা | সুপারিনটেনডেন্ট |
| ২. | জনাব মোঃ মিজানুর রহমান ভূঞাঁ,<br>প্রশাসনিক কর্মকর্তা | সুপারিনটেনডেন্ট |

২। তাঁদের উক্ত পদোন্নতির ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬ (১) (খ) ও (২)(খ) এর নিম্নবর্ণিত শর্তাবলি প্রযোজ্য হবে :

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিয়োগের তারিখ হতে ০১(এক) বছর শিক্ষানবিস হিসেবে থাকবেন। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিস-এর মেয়াদ ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

(খ) শিক্ষানবিসকালে তাঁর/তাদের কাজকর্ম ও আচরণ যদি কর্তৃপক্ষের নিকট অসন্তোষজনক বলে মনে হয় অথবা তিনি/তারা দক্ষতা অর্জন করতে পারবেন না বলে কর্তৃপক্ষ মনে করেন তবে শিক্ষানবিসকাল শেষ হবার পূর্বেই যে পদ হতে তিনি/তাঁরা পদোন্নতি প্রাপ্ত হয়েছেন কর্তৃপক্ষ তাঁকে/তাদেরকে সে পদে প্রত্যর্পন করাতে পারবেন।

৩। এ পদোন্নতির আদেশ তাঁদের কাজে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

প্রধান বিচারপতির আদেশক্রমে

**মুন্সী মোঃ মশিয়ার রহমান**
রেজিস্ট্রার।

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

নং **$\frac{১ই}{২}$ কল-৬৫/২০২৩/১১৯৩৫(২)-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব মোঃ রফিকুল ইসলাম খান এর জন্ম তারিখ ২৫-০১-১৯৬৫ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ২৪-০১-২০২৪ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ২৫-০১-২০২৪ খ্রিঃ তারিখ হতে ২৪-০১-২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ০৪ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

নং **$\frac{১ই}{২}$ কল-৬০/২০২৩/১১০৭৫(২)-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব মোঃ আজিজুল হক আকন্দ এর জন্ম তারিখ ২৯-১১-১৯৬৪ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ২৯-১১-২০২৩ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয়েছে।

২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ৩০-১১-২০২৩ খ্রিঃ তারিখ হতে ২৯-১১-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)।

**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৫ অগ্রহায়ণ ১৪৩০/২০ নভেম্বর ২০২৩

নং **০০.০১.০০০০.১০৪.৭৭.০০১.২০.১৭৯৩**—দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (সংশোধনীসহ)-এর ২০ ধারার ২ উপধারার বিধানমতে এবং উক্ত আইনের তফসিলে বর্ণিত অপরাধসমূহের

অনুসন্ধান ও তদন্তের ক্ষমতা নির্দেশক্রমে দুর্নীতি দমন কমিশনে কর্মরত নিম্নোক্ত কর্মচারীদের প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম | পদবি |
|---|---|---|
| ১. | খন্দকার জাকির হোসেন | পরিচালক |
| ২. | জনাব শাহেদ মোস্তফা | উপপরিচালক |
| ৩. | জনাব সমীর বিশ্বাস | উপপরিচালক |

২। বর্ণিত কর্মচারীগণ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ১৯(১)(২) ধারায় বর্ণিত ক্ষমতাও প্রয়োগ করতে পারবেন।

৩। জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল**
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)।

---

**সেনাবাহিনী সদর দপ্তর**
**এ্যাডজুটেন্ট জেনারেল শাখা**
**পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর**
**ঢাকা সেনানিবাস**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ ডিসেম্বর ২০২৩

**উচ্চতর গ্রেড প্রদান প্রসংগে-১০ম গ্রেডভুক্ত (২য় শ্রেণি) অসামরিক কর্মকর্তা**

নং **২৩.০১.৯০১.০৩৭.০৬.০৯৭.১৬.২৪.১২.২৩/এ**—বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নসংগঠনের আওতাধীন অর্ডন্যান্স ডেপো চট্টগ্রাম, চট্টগ্রাম সেনানিবাসে কর্মরত অসামরিক ১০ম গ্রেডভুক্ত (২য় শ্রেণি) কর্মকর্তা সিএস-০৪১১৯ সিএলও সুমিত রায় বিশ্বাস এর চাকরি ১০ বছর পূর্তি এবং সন্তোষজনক চাকরির প্রতিবেদন ও অন্যান্য শর্তাদি পূরণের প্রেক্ষিতে তার অনুকূলে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) অনুযায়ী নিম্নোক্ত বর্ণনা মোতাবেক ২য় উচ্চতর গ্রেড মঞ্জুর করা হলো :

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নম্বর পদবি ও নাম | ২য় শ্রেণির (গেজেটেড) পদে যোগদানের তারিখ ও বেতন স্কেল | সিলেকশনগ্রেড প্রাপ্তির তারিখ এবং বেতনস্কেল | ১০ বছর পূর্তিতে ২য় উচ্চতর গ্রেড প্রাপ্যতার তারিখ ও বেতন স্কেল |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | সিএস-০৪১১৯<br>সিএলও<br>সুমিত রায় বিশ্বাস | ৩০-০৪-২০০৮<br>জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুযায়ী ৫,১০০-১০৩৬০ (১০ম গ্রেড) | ৩০-০৪-২০১২<br>জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ১১,০০০-২০,৩৭০ (৯ম গ্রেড) | ৩০-০৪-২০১৮<br>জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ২৩,০০০-৫৫,৪৭০ (৮ম গ্রেড) |

২। আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

**আরিফ আহমেদ চিশ্‌তী**
লেফটেন্যান্ট কর্নেল
কন্ট্রোলার অব সিভিলিয়ান পার্সোনেল।

---

**বাংলাদেশ পুলিশ**
**ডিআইজি এর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ : **১১** ডিসেম্বর ২০২৩ খ্রি:

বিষয় : **অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর প্রসঙ্গে।**

নং **ডিআইজি-এসপিবিএন/৮৩-২০২৩/১৭৮৮**—এসপিবিএন-১, ঢাকায় কর্মরত জনাব মোঃ আঃ রফিক (বিপি-৬৫৮৪০২৭২৭৪), পুলিশ পরিদর্শক (সশস্ত্র) এর জন্ম তারিখ: ২৫-০২-১৯৬৫ খ্রি: অনুযায়ী আগামী ২৫-০২-২০২৪ খ্রি: বয়স ৫৯ (উনষাট) বৎসর পূর্ণ হবে বিধায় তাঁর আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন ২০১৮ (২০১৮ সালের ৫৭নং আইন) এর ৪৩, ৪৭ ধারা, অর্থ মন্ত্রণালয় অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) এর ১৫-১২-২০১৫ খ্রি: তারিখের এস.আর.ও. নং-৩৭২-আইন/২০১৫, Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জারীকৃত "চাকরি (বাংলাদেশ পুলিশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১০(২) এর (ক) এবং ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধির ৩(১) মোতাবেক বয়স ৫৯ বৎসর পূর্তি হবে বিধায় ছুটি পাওনা থাকায় আগামী ২৫-০২-২০২৪ খ্রি: অপরাহ্ণ হতে ২৪-০২-২০২৫ খ্রি: অপরাহ্ণ পর্যন্ত ০১ (এক) বৎসর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) এবং উক্ত ছুটি ভোগ শেষে ২৫-০২-২০২৫ খ্রি: পূর্বাহ্ণ হতে বিধি মোতাবেক চূড়ান্ত অবসর মঞ্জুর করা হলো। তিনি প্রচলিত বিধি মোতাবেক অবসরজনিত সকল প্রকার সুবিধাদি প্রাপ্য হবেন।

গোলাম কিবরিয়া, বিপিএম-সেবা
বিপি-৬৬৯১০৪৭০৪২
ডিআইজি।

## কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট

### প্রজ্ঞাপন

তারিখ : ১২ ডিসেম্বর ২০২৩

নং **০৮.০১.৬০০০.০০৪.১৯.০০২.০১(অংশ-১)/৬৬১১**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেটে কর্মরত নিচে বর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে বদলি/পদস্থ করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | নতুন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ শামীম উল আলম<br>উপ-কমিশনার | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট | সদর দপ্তর, সিলেট |
| ২. | জনাব মুর্শিদা খাতুন<br>সহকারী কমিশনার | সদর দপ্তর, সিলেট | সদর দপ্তর, সিলেট। প্রেষণে বিমানবন্দর ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট। |
| ৩. | জনাব মোঃ সাজেদুল করিম<br>সহকারী কমিশনার (চঃ দাঃ) | সদর দপ্তর, সিলেট। অতিরিক্ত দায়িত্বঃ বিমানবন্দর ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট। | সদর দপ্তর, সিলেট। অতিরিক্ত দায়িত্বঃ আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট। |

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং বর্ণিত কর্মকর্তাগণ **১৯-১২-২০২৩** খ্রি. তারিখে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

**মোহাম্মদ এনামুল হক**
কমিশনার।

---

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
## মাঠ প্রশাসন শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২২ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/০৭ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০২.২৩.৫৫০**—বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এর ০৫-১২-২০২৩ তারিখের ০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০২.২৩.৫৪১ নম্বর এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭-১২-২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.৯৯.০১২.১৯-৪৮৪ ও ৪৮৯ নম্বর স্মারক পত্রের অনুবৃত্তিক্রমে মাননীয় নির্বাচন কমিশনের সদয় সম্মতিক্রমে বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে "উপজেলা নির্বাহী অফিসার" হিসেবে বদলি/পদায়ন করা হলো :

| ক্র: নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব অনিমেষ বিশ্বাস (১৭৬১৬) | উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর | উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল |
| ০২ | জনাব রিপন বিশ্বাস (১৭৬৩৭) | উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া | উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর |
| ০৩ | জনাব অনুপ দাশ ( ১৭৬৬২) | উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর | উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ |
| ০৪ | জনাব দীপংকর দাশ (১৭৬৮২) | উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ০৫ | জনাব রহিমা সুলতানা বুশরা (১৭৭১৫) | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা | উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট |
| ০৬ | জনাব শেখ নুরুল আলম (১৭৭২৮) | উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা |
| ০৭ | জনাব নারায়ন চন্দ্র পাল (১৭৭৩৩) | উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর | উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট |
| ০৮ | জনাব সুস্মিতা সাহা (১৭৭৩৪) | উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ | উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর |
| ০৯ | জনাব ইরুফা সুলতানা (১৭৭৬৬) | উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর | উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া |
| ১০ | জনাব মো: আজগর আলী (১৭৭৯৭) | উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল | উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর |

| ক্র: নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১১ | জনাব শরীফ আসিফ রহমান (১৭৮০৭) | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা | উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা |
| ১২ | জনাব মো: আক্তার হোসেন (১৭৮৩২) | উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা | উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ |
| ১৩ | জনাব নাজিবুল আলম (১৭৯০৩) | উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট | উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা |
| ১৪ | জনাব নয়ন কুমার রাজবংশী (১৭৯১৩) | উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ | উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর |

২। বদলি/পদায়নকৃত উপজেলা নির্বাহী অফিসারগণকে অনতিবিলম্বে বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা**
**(সাধারণ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০১.৪৫.০২.২৩-৪২৬**—১৯৩৭ সনের জেল কোড (১ম খণ্ড) এর ৫৭ ধারা মোতাবেক খুলনা জেলা কারাগারে বিদ্যমান বেসরকারি কারা পরিদর্শক নিয়োগ আদেশ বাতিলপূর্বক একই আইনের ৫৬ (২) ধারা মোতাবেক নিম্নবর্ণিত ০৭ (সাত) জনকে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা এর প্রস্তাব অনুযায়ী খুলনা জেলা কারাগারে আগামী ০২(দুই) বছরের জন্য বেসরকারি কারা পরিদর্শক হিসেবে এতদ্বারা নিয়োগ করা হলো :

| ক্রমিক নং | প্রস্তাবিত ব্যক্তিগণের নাম ও পরিচিতি | ঠিকানা |
|---|---|---|
| ০১. | অধ্যাপিকা রুনু রেজা, স্বামী-মরহুম শহীদ ইকবাল বিথার, সদস্য (অর্থ ও প্রশাসন), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা। | ৮ডি, মর্ডান টাওয়ার, মৌলভীপাড়া, খুলনা। মোবাইল নম্বর : ০১৮৭৪-০৮৯৭৯৭ |
| ০২. | অধ্যাপক মো: আলমগীর কবির, পিতা-মরহুম মজিবর রহমান, সাবেক কমান্ডার, খুলনা মহানগর মুক্তিযোদ্ধা সংসদ, খুলনা। | ৬বি, নান্দনিক আবেদীন ভিলা, ৪৫ নম্বর (সাবেক-৪৯) লোয়ার যশোর রোড, খুলনা সদর, খুলনা। মোবাইল নম্বর : ০১৭১৫৫৬৮৩৬১ |
| ০৩. | জনাব এম. ডি. এ বাবুল রানা, পিতা-মরহুম একে আব্দুর রাজ্জাক মিয়া, সভাপতি, সবুরুন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা সদর, খুলনা। | ১০ টিবি ক্রস রোড, খুলনা সদর, খুলনা। মোবাইল নম্বর : ০১৭১১-৩০৯০৩০ |
| ০৪. | এ্যাডভোকেট মোঃ সাইফুল ইসলাম, পিতা-মৃত নুরুল ইসলাম, সভাপতি, খুলনা জেলা আইনজীবী সমিতি, খুলনা। | সাং-১০৩, বি, কে মেইন রোড, পূর্ব বানিয়াখামার, খুলনা সদর, খুলনা। মোবাইল নং-০১৭১২-৭৪০৫৮৭ |
| ০৫. | জনাব মোঃ মামুন রেজা, পিতা- সরদার কাওছার আলী, সাধারণ সম্পাদক, খুলনা প্রেস ক্লাব, খুলনা | বর্তমান ঠিকানাঃ ৫৫, হাজী মেহের আলী রোড, খুলনা স্থায়ী ঠিকানাঃ বক্ষ্মগাতী, দিঘলিয়া, খুলনা। মোবাইল নম্বর : ০১৭১৫-০৭২৩৭৬ |
| ০৬. | জনাব নাজনিন নাহার (কণা), স্বামী- মো: হাবিবুর রহমান, আজীবন সদস্য খুলনা শিশু ফাউন্ডেশন ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, খুলনা। | ৩৬, টিবি ক্রস রোড, খুলনা সদর, খুলনা। মোবাইল নম্বর : ০১৭১১-২৪৬১৮৫ |
| ০৭. | চৌধুরী মোহাম্মদ রায়হান ফরিদ, পিতা-আলহাজ্ব চৌধুরী আবু জোবের, সদস্য, জেলা পরিষদ, খুলনা। | ২৩ আজিজুর রহমান রোড, দারোগাপাড়া, খুলনা সদর, খুলনা। মোবাইল নম্বর- ০১৭১১-৩৫১০৩১ |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ হেলাল মাহমুদ শরীফ**
বিভাগীয় কমিশনার
খুলনা।

জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(ভূমি অধিগ্রহণ শাখা)

অধিগ্রহণ মামলা নং-০৮/২০২২-২০২৩

(স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ মোতাবেক)

ফরম-৬

**(Rule 6 of Acquisition of Immovable Property Rules, 1982)**

ঘোষণা

১৪ (২) ধারা মোতাবেক)

যেহেতু, নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে ধারা ৪ এর উপ-ধারা (১) এ উল্লিখিত সময়সীমা ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির বিরুদ্ধে ১০ (দশ) জন স্বাক্ষরিত ০১ টি লিখিত আপত্তি পাওয়া যায়। আপত্তি শুনানী অন্তে অধিগ্রহণের লক্ষ্যে সৃজিত এলএ কেসভুক্ত জমি তিন ফসলী হওয়ায় স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলী, জেলা প্রশাসক সম্মেলন, ২০২৩ উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিপরিষদ সচিব স্বাক্ষরিত ০৭-০২-২০২৩ খ্রি. তারিখের ইউ. ও. নোট নং-২২ অনুযায়ী অধিগ্রহণ প্রস্তাবটি বাতিলের সুপারিশসহ বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয় বরাবর প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ১৫-০৩-২০২৩ খ্রি. তারিখে অধিগ্রহণের জন্য গৃহীত কার্যধারা বাতিলের আদেশ প্রদান করেন।

সেহেতু, এক্ষণে, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ১৪ ধারার (২) উপ-ধারা অনুসারে আমি ঘোষণা করিতেছি যে, ১৫-০৩-২০২৩ খ্রি. তারিখ হইতে নিম্নোক্ত সম্পত্তি সম্পর্কে গৃহীত অধিগ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বাতিল করা হইল।

"জমির তফসিল"

জেলা : রাজশাহী, থানা/উপজেলা-পবা, মৌজা-থালতা, জেএল নং-৮৯

| খতিয়ান নং | দাগ নং | জমির শ্রেণি | দাগে জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৩৫ | ৫৫৭ পূর্ণ | ধানী | ০.৫৪০০ | ০.৫৪০০ | |
| ১৩৩ | ৫৭৯ আংশিক | ধানী | ২.১০০০ | ০.৬৯১৭ | |
| ২১ | ৫৮০ পূর্ণ | ধানী | ০.১৫০০ | ০.১৫০০ | |
| ৯৭ | ৫৮১ পূর্ণ | ধানী | ০.১৬০০ | ০.১৬০০ | |
| ২১ | ৫৮৩ পূর্ণ | ধানী | ০.১৬০০ | ০.১৬০০ | |
| ৯৭ | ৫৮৪ পূর্ণ | ধানী | ০.১৬০০ | ০.১৬০০ | |
| ১৩১ | ৫৮৫ পূর্ণ | ধানী | ০.৪১০০ | ০.৪১০০ | |
| ১৩৬ | ৫৮৭ আংশিক | ধানী | ০.৪৮০০ | ০.৩২৮৫ | |
| ১১৩ | ৫৮৮ আংশিক | ধানী | ০.৩২০০ | ০.২১৮০ | |
| ১৭০ | ৫৮৯ আংশিক | ধানী | ০.০৮০০ | ০.০৭৬০ | |
| ১২ | ৫৯০ আংশিক | ধানী | ০.২০০০ | ০.১২৬৯ | |
| ১৮২ | ৫৯১ আংশিক | ধানী | ০.২৩০০ | ০.০৬৭৯ | |
| | | | | সর্বমোট=৩.০৮৯০ | |

**শামীম আহমেদ**
জেলা প্রশাসক।

---

জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
(ভূমি অধিগ্রহণ শাখা)

এল.এ কেস নং-০৮/২০১৯-২০২০

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ১৪(১) ধারামতে

ঘোষণাপত্র

যেহেতু, নোয়াখালী জেলার সড়ক বিভাগাধীন "মাইজদী-রাজগঞ্জ-ছয়ানী-বসুরহাট-চন্দ্রগঞ্জ (আর ১৪৩) আঞ্চলিক মহাসড়ককে যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের লক্ষ্যে অনুমোদনকৃত স্থাবর সম্পত্তি অধিগ্রহণের জন্য প্রাক্কলিত অর্থ প্রত্যাশী

সংস্থা কর্তৃক ধারা ৮ এর উপ-ধারা (৪) এ উল্লিখিত সময়সীমার মধ্যে জমা প্রদান না করায়; যাহার জন্য ঐ সম্পত্তির মালিক বা স্বার্থবান ব্যক্তি দায়ী নন,

সেহেতু, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর ক্ষমতাবলে আমি এতদ্বারা ঘোষণা করছি যে, ১৮ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ হতে ০৮/২০১৯-২০২০ নং এল. এ কেসে গৃহীত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির সকল অধিগ্রহণ কার্যক্রম বাতিল করা হলো।

মৌজা: মাইজদী, জে, এল নং-৯৮, উপজেলা: নোয়াখালী সদর, জেলা: নোয়াখালী

| খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৯৯৮, ১৯৭২ | ১৫৮৮ | ০.৫৯০০ | ০.২০০০ | |
| ৪৯৪৮ | ১৫৯৯ | ০.৫৩০০ | ০.০৫৫০ | |
| ১৯৬৪ | ১৫৪৭ | ০.২০০০ | ০.০৫০০ | |
| ৯৯১, ১৯৬৪ | ১১২৪ | ০.২৮০০ | ০.০৫০০ | |
| ৯৯৩, ১৯৬৪ | ১১২৩ | ০.৩৪০০ | ০.০৫৫০ | |
| ৯৮৯, ৯৯০ | ১০৩০ | ০.২৯০০ | ০.০২৫০ | |
| ১৯৬৩ | ১০১১ | ০.২৩০০ | ০.০৯২৫ | |
| ৭১২, ৭১৫, ১৯৬৩ | ১০১০ | ২.১৯০০ | ০.১২৫০ | |
| ২৫৩৮, ৩০৪০, ৩২২৪ | ১০০২ | ১.০৩০০ | ০.০৩০০ | |
| ২৫৩৮, ২৫৫৫, ২৬১০, ২৬২৪, ২৯৭৮, ৩০৪০, ৩২২৪, ৩৫৯৪, ৭৫০৩, ৭৭৮২, ৭৮১৬, ৮৩৪১ | ১০০১ | ১.২৬০০ | ০.৩৩১০ | |
| | ৩৬৬ | ০.৪৪০০ | ০.০২০০ | |
| ৪৬৬, ১০৩৮ | ৩৬৫ | ০.৩১০০ | ০.০৪৫০ | |
| ১০৩৭, ৭৯৯৬ | ৩৬৩ | ০.৫৩০০ | ০.০৪০০ | |
| ১০৩৮, ৭৯৯৬ | ৩৬২ | ০.৮৮০০ | ০.০৪৭৫ | |
| ৪৮৬ | ৩৬১ | ০.১৬০০ | ০.০৪০০ | |
| ৪৮৬, ১২৪৪ | ৩৬০ | ০.৫৭০০ | ০.০৩২৫ | |
| ১৩৮৬, ৭৮৯৫ | ৩৪৯ | ২.১৬০০ | ০.০৮৮০ | |
| ১২৪৪ | ৩৪৭ | ০.৪৯০০ | ০.০৩২৫ | |
| ৩৬৮ | ৩৪৬ | ০.১৮০০ | ০.০২৫০ | |
| ৬১৬৫, ৮১৭১ | ৩২২ | ০.৩৯০০ | ০.০২৭৫ | |
| ৩৫৬১ | ৩২১ | ০.৭৪০০ | ০.০২৭৫ | |
| ৪৫০, ৪৫১ | ৩২০ | ০.৩৫০০ | ০.০১৭৫ | |
| ৪৫০, ৪৫১ | ৩১৯ | ০.২৬০০ | ০.০২২৫ | |
| ৪৫০, ৪৫১ | ৩১৮ | ০.২৯০০ | ০.০১৬৫ | |
| ৪৫০, ৪৫১ | ৩১৭ | ০.০৬০০ | ০.০০৫০ | |
| ৫৬৮০ | ৩১৬ | ০.২৬০০ | ০.০১৭৫ | |
| ৫৬৮০ | ৩১৫ | ০.২৬০০ | ০.০১৮৫ | |
| ১০৬, ১০৭, ১০৮, ১০৯ | ৩১৪ | ০.৪৪০০ | ০.০১৬৫ | |
| ৭৪ | ২৭৪ | ০.৩৯০০ | ০.০১৫০ | |
| ৬৯, ৪১৭২, ৭৭০২ | ২৭২ | ০.২৬০০ | ০.০৪৫০ | |
| ৫১৪ | ৯৩ | ০.২৪০০ | ০.০১৫০ | |
| ৯৮৪ | ৯০ | ০.৩৩০০ | ০.০৬০০ | |
| ৯৮৪, ৫৬৪৬, ৮২৯৮ | ৮৮ | ১.০৭০০ | ০.০১৫০ | |
| ২৬, ৯৮৪, ৬৩৮৪ | ১৭ | ১.১৮০০ | ০.০৩৩৫ | |

| খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৯৮৪ | ১৯ | ০.৩০০০ | ০.০১৭৫ | |
| ৯৮৪ | ২০ | ০.২৭০০ | ০.০১৭৫ | |
| ৭৮ | ২১ | ০.২৬০০ | ০.০১৩৫ | |
| ৭৮, ৪৪৮২ | ২২ | ০.৩৬০০ | ০.০২৭৫ | |
| ৪৪৮২ | ২৩ | ০.০৯০০ | ০.০১০০ | |
| ৭৮ | ২৪ | ০.০৯০০ | ০.০১০০ | |
| ৭৮ | ২৫ | ০.০৮০০ | ০.০১০০ | |
| ৪৪২, ৪৮৬৬ | ২৮ | ১.৪১০০ | ০.০৪৫০ | |
| ৩৮৯ | ২৯ | ০.২৬০০ | ০.০১২৫ | |
| | | সর্বমোট | ১.৯০০০ | |

মৌজা: ছোট রামদেবপুর, জে, এল নং-১০৮, উপজেলা: নোয়াখালী সদর, জেলা: নোয়াখালী

| খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৩৮ | ৪৫ | ০.১২০০ | ০.০১০০ | |
| ৪৪ | ৪৬ | ০.০৮০০ | ০.০১০০ | |
| ৪৪ | ৪৭ | ০.৪০০০ | ০.০২৬৫ | |
| ২৬ | ৪৮ | ০.৪১০০ | ০.০৩০০ | |
| ১/১, ২৬, ৪৭ | ৭০ | ০.০৪০০ | ০.০২৩০ | |
| ১/১ | ৭১ | ০.০৪০০ | ০.০০৫০ | |
| ২৬ | ৭৫ | ০.৩৩০০ | ০.০২৫০ | |
| ৩ | ৭৬ | ০.০৬০০ | ০.০১০০ | |
| ২৭ | ৭৭ | ০.০৪০০ | ০.০০৫০ | |
| ১/১, ২৭ | ৭৮ | ০.০৪০০ | ০.০০৫০ | |
| ৬ | ৮১ | ০.০৭০০ | ০.০১৭৫ | |
| ১৪ | ৮২ | ০.১১০০ | ০.০২২৫ | |
| ২৫ | ৮৩ | ০.১১০০ | ০.০২৭৫ | |
| ২৫ | ৮৪ | ০.০৫০০ | ০.০১৩৫ | |
| ১/১, ২০, ২৬ | ৮৫ | ০.০৮০০ | ০.০৩৫০ | |
| ২৮ | ৮৭ | ০.০৮০০ | ০.০১৫০ | |
| ৪৭ | ৮৮ | ০.০৮০০ | ০.০১৪৫ | |
| ২১ | ৮৯ | ০.০৩০০ | ০.০০৪৫ | |
| ২০ | ৯০ | ০.০৩০০ | ০.০০৪৫ | |
| ১৮ | ৯১ | ০.০৩০০ | ০.০০৩৫ | |
| ২৭ | ৯২ | ০.১৪০০ | ০.০১৬৫ | |
| ০৭ | ৯৩ | ০.১০০০ | ০.০১০০ | |
| ৩৩ | ৯৪ | ০.১১০০ | ০.০১৪০ | |
| ৬৩ | ২১৭ | ০.৫৫০০ | ০.০৮০০ | |
| ০৪ | ২১৮ | ০.২৫০০ | ০.০৩৫০ | |
| ১৯ | ২২০ | ০.৩২০০ | ০.০০৫০ | |
| ০৪, ৩১ | ২২৩ | ১.৫৫০০ | ০.০৩৩৫ | |
| ০৪ | ২২৬ | ০.৪৮০০ | ০.০৩১৫ | |

| খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৫২ | ২৩২ | ০.৫৬০০ | ০.০১৮৫ | |
| ৩০ | ২৩৪ | ০.১৮০০ | ০.০১০০ | |
| ১/১ | ২৩৬ | ০.০৮০০ | ০.০১০০ | |
| ১/১ | ২৩৭ | ০.১২০০ | ০.০০৫০ | |
| ১/১ | ২৪৩ | ০.৪৮০০ | ০.০২০০ | |
| ১/১ | ২৪৪ | ০.০৬০০ | ০.০১১০ | |
| ১/১ | ২৪৫ | ০.১৬০০ | ০.০২০০ | |
| ১/১ | ২৪৬ | ০.১২০০ | ০.০১৫০ | |
| ৪ | ২৪৭ | ০.৩৫০০ | ০.০৫০০ | |
| ৪ | ২৫২ | ১.১৭০০ | ০.১৪৭৫ | |
| ১/১ | ২৫৩ | ০.৬৫০০ | ০.০৮০০ | |
| | | সর্বমোট | ০.৯২০০ | |

মৌজা: অনন্তপুর, জে, এল নং-২৩৪, উপজেলা: বেগমগঞ্জ, জেলা: নোয়াখালী

| খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২১৭, ১০৬৯, ১২২৩ | ১১৪৭ | ০.১২০০ | ০.০১৭৫ | |
| ২১৭, ১২৬৭, ১৪৬৬ | ১১৪৮ | ০.২১০০ | ০.০২২৫ | |
| ২১৭, ১৫৩৯ | ১১৪৯ | ০.২৬০০ | ০.০১২৫ | |
| ১০২৮, ১০৪৯, ১৫৩৯ | ১১৫০ | ০.৩৪০০ | ০.০৩৮৫ | |
| ২১৭, ৫৮৫, ১৪৬৬, ১৬৮২, ১৮৬৮ | ১১৫৪ | ১.৩৮০০ | ০.০৪২৫ | |
| ২১৭, ১২৬৭, ১৬৮২, ২৫৩০ | ১১৫৬ | ০.৭১০০ | ০.০৪২৫ | |
| ২১৭, ৬৫১ | ১১৫৭ | ০.৫০০০ | ০.০১৯০ | |
| ২৪১, ৪৭৮, ৬০৫, ২৪৬৫ | ১১৫৯ | ১.৩৮০০ | ০.০৬০০ | |
| ১৬৭০, ১৯৪১ | ১১৬৮ | ০.০৮০০ | ০.০৩৪৫ | |
| ২৬১, ১৬১৫, ২৪৮৩, ২৫০৩ | ১১৬৭ | ০.৩৪০০ | ০.০৫৪০ | |
| ৬১৬ | ১১৬৬ | ০.০৬০০ | ০.০০৭০ | |
| ২৬১ | ১১৭০ | ২.৯৪০০ | ০.০০৩০ | |
| ৬০১, ৬৯৪, ১৬১৭ | ১৩২৭ | ২.২৭০০ | ০.০৫০০ | |
| ২৬১, ৬২৫, ১৫৭৭, ১৬১৯, ২২৯৩ | ১১৬৪ | ০.৪৫০০ | ০.০৪৬৫ | |
| ২৬১ | ১১৬৩ | ০.৩১০০ | ০.০৩৮৫ | |
| ২৬১ | ১১৬২ | ০.০৪০০ | ০.০১১৫ | |
| ২৬১ | ১১৬১ | ০.০৮০০ | ০.০২১৫ | |
| | | সর্বমোট | ০.৫২১৫ | |

মৌজা:মনপুর, জে, এল নং-২৩২, উপজেলা: বেগমগঞ্জ, জেলা: নোয়াখালী

| খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৩১, ৪০, ২৭৯ | ৫৬২<br>৬৮৭ | ০.১০০০ | ০.১০০০ | |
| | | সর্বমোট | ০.১০০০ | |

**দেওয়ান মাহবুবুর রহমান**
জেলা প্রশাসক।

জেলা প্রশাসকের কার্যালয়দ, ভোলা
(ভূমি অধিগ্রহণ শাখা)

**এলএ কেস নং-০৮ভোঃ/২০১৭-২০১৮**

**১৩ (২) ধারা মোতাবেক ঘোষণা**

যেহেতু এই সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে সংযুক্ত তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ১৩ (১) ধারা অনুযায়ী ০৮/ভোঃ/২০১৭-২০১৮ নম্বর এলএ কেসের মাধ্যমে অধিগ্রহণকৃত বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ কর্তৃক "শাহবাজপুর ইস্ট # ১ শীর্ষক প্রকল্প থেকে গ্যাস উত্তোলনের জন্য বোরহানউদ্দীন উপজেলাধীন জে.এল. নং-৩৮, মুলাইপত্তন মৌজায় ০৪.৯১৭৫ একর জমির উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে। উক্ত জমি প্রত্যাশী সংস্থাকে দখল হস্তান্তর করা হইয়াছে।

এ অবস্থায়, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইলো এবং উহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইলো।

**"তফসিল"**

| উপজেলার নাম | মৌজার নাম ও জেএল নম্বর | খতিয়ান নম্বর (এস.এ) | দাগ নম্বর (এস.এ) | হস্তান্তরকৃত জমির পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| বোরহানউদ্দিন | মুলাইপত্তন-৩৮ | ৮৬৭, ৫৭, ৬৮২, ৭২৬, ৭৫৭, ৯৯৫, ৮০১, ৯৪৪, ৬৪৪, ১৯২, ও ২২০ | ২৫১০, ২৫১১, ২৫১৪, ২৫১৫, ২৫১৬, ২৫১৮, ২৫২২, ২৫০৯, ২৪৯৭, ২৪৯৪, ও ২৪৯৩ | ০৪.৯১৭৫ (চার দশমিক নয় এক সাত পাঁচ) একর। | |
| | | | সর্বমোট | ০৪.৯১৭৫ একর | |

জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি অধিগ্রহণ শাখায় ভূমি নকশা দেখা যাইতে পারে।

**তামিম আল ইয়ামীন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
(ভূমি অধিগ্রহণ শাখা)

**এলএ কেস নং-০৭ ভোঃ/২০১৭-২০১৮**

**১৩ (২) ধারা মোতাবেক ঘোষণা**

যেহেতু এই সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে সংযুক্ত তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ১৩ (১) ধারা অনুযায়ী ০৭ ভোঃ/২০১৭-২০১৮ নম্বর এলএ কেসের মাধ্যমে অধিগহণকৃত বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ কর্তৃক "ভোলা নর্থ # ১" শীর্ষক প্রকল্প থেকে গ্যাস উত্তোলনের জন্য ভোলা সদর উপজেলাধীন জে.এল নং-৬২, চররমেশ মৌজায় ০৪.৫১ একর জমির উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে। উক্ত জমি প্রত্যাশী সংস্থাকে দখল হস্তান্তর করা হইয়াছে।

এ অবস্থায়, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইলো এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইলো।

**"তফসিল"**

জেলা- ভোলা, উপজেলা- ভোলা সদর, মৌজা-চর রমেশ, জেএল নং-৬২

| খতিয়ান নম্বর (এসএ) | দাগ নম্বর (এসএ) | দাগে মোট জমি (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমি (একরে) | রেকর্ডীয় শ্রেণি | বর্তমান শ্রেণি |
|---|---|---|---|---|---|
| ১৮২ | ৯ | ০.৫৩০০ | ০.২৯০০ | নাল | ভিটা |
| ১১০ | ১০ | ০.১৩০০ | ০.১৩০০ | পুকুর | ভিটা |
| ১১০ | ১১ | ০.৯৬০০ | ০.৯৩০০ | নাল | ভিটা |
| ১১১ | ১২ | ০.৯৯০০ | ০.৯৬০০ | নাল | ভিটা |

| খতিয়ান নম্বর (এসএ) | দাগ নম্বর (এসএ) | দাগে মোট জমি (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমি (একরে) | রেকর্ডীয় শ্রেণি | বর্তমান শ্রেণি |
|---|---|---|---|---|---|
| ১১১ | ১৩ | ০.১৩০০ | ০.১৩০০ | পুকুর | ভিটা |
| ২০৮ | ১৪ | ১.১৪০০ | ১.১১০০ | নাল | ভিটা |
| ১০৩ | ১৫ | ১.১৬০০ | ০.৯৬০০ | নাল | ভিটা |
| | | সর্বমোট | ০৪.৫১ একর। | | |

জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি অধিগ্রহণ শাখায় ভূমি নকশা দেখা যাইতে পারে।

**তামিম আল ইয়ামীন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**এল.এ কেস নং-০২/২০২২-২৩**

**ফরম-'ঘ'**
**(৬নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**
**[১৩(২) ধারার অধীনে]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহিত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা: মৌলভীবাজার; উপজেলা: কুলাউড়া, মৌজা: আলালপুর; জেএল নং-৬৪

| খতিয়ান নং (এসএ) | দাগ নং (এসএ) | শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ |
|---|---|---|---|---|
| ৭৪ | ১৩৪৪ | চারা | ২০.০৫ একর | ০.০৩৪৪ একর |
| ৬৭৯ | ১৩৪৫ | ভিটি | ০.৭৯০০ একর | ০.০০৮৩ একর |
| ৬৭৯ | ১৩৪৫ | দোকান ভিটি | ০.৭৯০০ একর | ০.০১০০ একর |
| | | | সর্বমোট অধিগহণকৃত জমি= | ০.০৫২৭ একর |

অধিগ্রহণকৃত নকশা জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**ড. উর্মি বিনতে সালাম**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর**
**ভূমি অধিগ্রহণ শাখা**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম আইন, ২০১৭ অনুযায়ী**

**এল এ কেস নং ০২/২০১৯-২০২০ এর**

**ঘোষণা**
**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ২০১৭ সনের ২১ নং আইন স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ধারা ১১ অনুসারে নিম্ন তপশিলভুক্ত ভূমির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে মর্মে গণ্য হয়েছে।

সেহেতু, এক্ষণে, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১৩(২) ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, সিআইডি শেরপুর জেলা অফিসের প্রশাসনিক ভবন এবং ফোর্সের ব্যারাকসহ অন্যান্য স্থাপনা নির্মাণ প্রকল্পের তপশিলভুক্ত ০.৭৫ একর সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের নিকট অর্পিত হলো।

**তপশিল**

জেলা- শেরপুর, উপজেলা- শেরপুর সদর, মৌজা- শেরপুর, জে.এল নং-২৩

| খতিয়ান নম্বর (বিআরএস) | দাগ নম্বর (বিআরএস) | দাগের মোট জমির পরিমাণ (একর) | রেকর্ডীয় শ্রেণি | জমির বাস্তব শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|
| ১০১৮ | ১৩৩৪৭ | ৩.৩১ | ছাড়াবাড়ী | নামা | ০.৫৮ |
| ৩৪৮১ | ১৩৪০১ | ০.৩১ | কান্দা | কান্দা | ০.১৪ |
| ২৬০৭ | ১৩৪০২ | ০.০৩ | কান্দা | কান্দা | ০.০৩ |

মোট= ০.৭৫ একর (শূন্য দশমিক সাত পাঁচ একর)

দাগসূচি ও ভূমির নকশা অত্র কার্যালয়ে সংরক্ষিত আছে।

**আব্দুল্লাহ আল খায়রুম**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর।**
**ভূমি অধিগ্রহণ শাখা**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ অনুযায়ী**

**এলএ কেস নং-০২/২০২০-২০২১ এর**

**ঘোষণা**

[১৩(২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ২০১৭ সনের ২১ নং আইন স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ধারা ১১ অনুসারে নিম্ন তপশিলভুক্ত ভূমির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে মর্মে গণ্য হয়েছে।

সেহেতু, এক্ষণে, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১৩(২) ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন গুরুত্বপূর্ণ মহাসড়কের পণ্য পরিবহনের উৎসমুখে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন" প্রকল্পের তপশিলভুক্ত ৫.৪৬০ একর সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের নিকট অর্পিত হলো।

**তপশিল**

জেলা- শেরপুর, উপজেলা-নালিতাবাড়ী, মৌজা-আন্ধারুপাড়া, জে.এল নং-২৯

| খতিয়ান নম্বর (বিআরএস) | দাগ নম্বর (বিআরএস) | রেকর্ডীয় শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১১২ | ২০২৩ | নামা | ০.১০ |
| ১১ | ২০২৫ | বাড়ি | ০.০৫ |
| ৬ | ২০২৬ | নামা | ০.২৬ |
| ৬ | ২০২৭ | নামা | ০.২৮ |
| ৫০৯ | ২০৩০ | নামা | ০.৪৭ |
| ৬ | ২০৩২ | নামা | ০.৭০ |
| ৫০১ | ২০৩৫ | কান্দা | ০.৬৩ |
| ২৯৬ | ২০৩৬ | কান্দা | ০.৩৯ |
| ৩২৪ | ২০৪৬ | কান্দা | ০.১৮ |
| ১৪৫ | ২০৪৭ | কান্দা | ০.৩০ |
| ২৪৯, ৩৫৮ | ২০৪৮ | কান্দা | ০.১৮ |
| ২৪৯ | ২০৪৯ | নামা | ০.৩৩ |
| ১৯৪ | ২০৫০ | নামা | ০.২২ |

| খতিয়ান নম্বর (বিআরএস) | দাগ নম্বর (বিআরএস) | রেকর্ডীয় শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১০৩ | ২০৫৮ | নামা | ০.০৬ |
| ১৪৩ | ২০৫৯ | নামা | ০.০২ |
| ১৪৩ | ২০৬০ | নামা | ০.২২ |
| ২৭৭ | ২০৬১ | নামা | ০.২১ |
| ১০৩ | ২০৬২ | নামা | ০.২৩ |
| ১০৩ | ২০৬৪ | নামা | ০.০৭ |
| ২৭৭ | ২০৬৫ | নামা | ০.২০ |
| ৪৩২ | ২০৭৫ | নামা | ০.২০ |
| ৪৩২ | ২০৭৬ | নামা | ০.০৮ |
| ২৬ | ২০৭৮ | কান্দা | ০.০৮ |
| | | মোট | ৫.৪৬০ একর |

মোট=৫.৪৬০ একর (পাঁচ দশমিক চার ছয় শূন্য একর)

দাগসূচি ও ভূমির নকশা অত্র কার্যালয়ে সংরক্ষিত আছে।

**আব্দুল্লাহ আল খায়রুম**
জেলা প্রশাসক।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**গলাচিপা, পটুয়াখালী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৪ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ

নং **০৫.১০.৭৮৫৭.০০১.০৮.০০৯.২৩-১০৭৩**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোঃ জাকির হোসেন, ইউনিয়ন পরিষদ সদস্য, ৩নং ওয়ার্ড, ইউনিয়ন-আমখোলা, উপজেলা-গলাচিপা, জেলা-পটুয়াখালী বিগত ০২-১১-২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ ঘটিকার সময় ক্যান্সার রোগে আক্রান্ত হয়ে নিজ বাড়িতে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি..........রাজেউন)। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি মো. মহিউদ্দিন আল হেলাল, উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্যের মৃত্যুর তারিখ হতে পদটি শূন্য ঘোষণা করিলাম।

**মো. মহিউদ্দিন আল হেলাল**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**মীরসরাই, চট্টগ্রাম।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২০ ডিসেম্বর ২০২৩ খ্রি.

নং **০৫.২০.১৫৫৩.০০২.০৭.০০১.২৩-১১০৯**—চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলাধীন ১১ নং মঘাদিয়া ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোঃ নুরুল আবছার, পিতাঃ মৃত জাগির হোসেন, গ্রামঃ তিনঘরিয়াটোলা, ডাকঃ মলিয়াইশ, উপজেলাঃ মীরসরাই, জেলাঃ চট্টগ্রাম বিগত ১০-১২-২০২৩ খ্রি. তারিখ আনুমানিক রাত ১০.০০ ঘটিকার সময় মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(১)(ঙ) এবং একই ধারার (২) উপ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি মাহফুজা জেরিন, উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই, চট্টগ্রাম উক্ত পদটি মৃত্যুর তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মাহফুজা জেরিন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কালিগঞ্জ, সাতক্ষীরা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৭ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

নং **০৫.৪৪.৮৭৪৭.০০০.০৩.০০১.২৩-১৪৪৮**—০৪ নং দক্ষিণ শ্রীপুর ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরার ১২-১২-২০২৩ তারিখের ১০৬/২৩ নং স্মারক মূলে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে জানা যায় সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলার ০৪ নং দক্ষিণ শ্রীপুর ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ আসনের সদস্য, জনাব মোঃ আনিছুর রহমান, পিতা- মোঃ আছিরুদ্দীন মোড়ল, মাতা- মোছাঃ আছিয়া খাতুন, গ্রাম-দক্ষিণ শ্রীপুর, বিগত ১১-১২-২০২৩ তারিখ অনুমান রাত ২.০০ ঘটিকার সময় ক্যান্সার জনিত কারণে মৃত্যুবরণ করেছেন। তার এ মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১) (ঙ) উপধারা অনুযায়ী উক্ত ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি শূন্য হয়।

এ অবস্থায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) এর উপধারা(১) অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর উপর অর্পিত ক্ষমতাবলে তার মৃত্যুর তারিখ হতে উক্ত ইউনিয়ন পরিষদের ০৮ নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**দীপংকর দাশ**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ/১৪ ডিসেম্বর ২০২৩ খ্রি:

নং **০৫.৪৪.৮৭৮২.০০০.০৬.০০৭.২২-১৬৫০/১**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার উপ-ধারা (২) এর ক্ষমতাবলে আমি শামীম ভূইয়া, উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, সাতক্ষীরা সদর উপজেলার ০৭নং আলিপুর ইউনিয়ন পরিষদের ০২ নং সাধারণ আসনে নির্বাচিত সদস্য জনাব মোঃ আতাউর রহমান, পিতা-মৃত মনছোপ সরদার, গ্রাম-দক্ষিণ আলিপুর, ডাকঘর-আলিপুর, উপজেলা-সাতক্ষীরা সদর, জেলা-সাতক্ষীরা গত ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখ মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি.................রাজিউন)। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার উপ-ধারা (১) এর (ঙ) মোতাবেক ০৭নং আলিপুর ইউনিয়ন পরিষদের ০২ নং সাধারণ আসনের সদস্য পদটি ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**শামীম ভূইয়া**
উপজেলা নির্বাহী অফিসার।